

# আবার স্কুলে যাওয়া শুরু করার

## জন্য কেনাকাটার পরামর্শ



পিতামাতা এবং তাদের শিক্ষার্থী ক্রেতাদের জন্য অর্থ সাশ্রয় এবং বিচক্ষণ আর্থিক সিদ্ধান্ত নিতে আপনাকে সহায়তা করার জন্য আমরা এই দ্রুত পরামর্শ তৈরি করেছি।

### একটি তালিকা বানান এবং একটি বাজেট তৈরি করুন।

- কোন জিনিসটি কিনতে হবে তা বেছে নেওয়ার সময় বিচক্ষণ সিদ্ধান্ত নিতে বাচ্চাদের সহায়তা করুন। শিক্ষকদের জিনিসের তালিকাটা নিন এবং তারপরে তাদের কত খরচ করতে হবে এবং তাদের কী নিতে হবে তার ওপর ভিত্তি করে কীভাবে একটি বাজেট তৈরি করতে হবে সে সম্পর্কে বাচ্চাদের শিক্ষা দিন। আপনি অনলাইনেই কিনুন বা দোকানে গিয়ে, তালিকা এবং বাজেটটির কথা সবসময় মাথায় রাখুন।

### দামগুলি খুঁজুন।

- পণ্যগুলি সম্পর্কে খোঁজখবর নিতে, দামগুলির তুলনা করতে, এবং সেলস ও ডিসকাউন্টগুলি দেখতে ওয়েবসাইট, স্মার্টফোন অ্যাপগুলি ব্যবহার করুন।
- একটি কুপন পাওয়ার জন্য আপনার ব্যক্তিগত তথ্য দেওয়া এড়িয়ে চলুন — কয়েকজন স্ক্যামার আপনার তথ্য চুরি করার জন্য ডিসকাউন্ট দেওয়ার প্রতিশ্রুতি ব্যবহার করেন।

### দামগুলির জন্য দেখুন।

- দোকানগুলি হয় জিনিসটিতে বা জিনিসটি যেখানে প্রদর্শিত হয়েছে সেখানে অবশ্যই তার দামটি উল্লেখ করে।
- উল্লেখ করা দামের থেকে বেশি দাম ধার্য করা বেআইনি।



অতিরিক্ত ক্রেডিট: [nyc.gov/dcwp](http://nyc.gov/dcwp)  
এ ইলেকট্রনিক্স এবং আসবাবপত্রের  
জন্য আমাদের কেনাকাটার পরামর্শগুলি  
অবশ্যই পড়ুন।

### অতিরিক্ত দাম ধার্য করা থেকে সাবধান থাকুন।

- নিউ ইয়র্ক সিটিতে একটি ঘোষিত সংকটকালীন সময়ে, স্বাস্থ্য, নিরাপত্তা, বা মঙ্গলসাধনের জন্য ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলির দ্বারা পণ্য ও পরিষেবার অতিরিক্ত দাম ধার্য করা বেআইনি।
- পণ্য ও পরিষেবা জীবাণুনাশক, সাবান, পরিষ্কার করার পণ্য, রোগনির্গম সংক্রান্ত পণ্য এবং পরিষেবা, ও ওষুধপত্রগুলিকে অন্তর্ভুক্ত করে।

নিউ ইয়র্ক সিটি উপভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (Department of Consumer and Worker Protection, DCWP) এ আপনি একটি অতিরিক্ত দাম ধার্য করার অভিযোগ দায়ের করতে পারেন। [nyc.gov/dcwp](http://nyc.gov/dcwp) দেখুন বা 311 নম্বরে ফোন করে “ওভারচার্জ (overcharge)” বলুন। আপনার অভিযোগের সাথে আপনার রশিদটি সংযুক্ত করা নিশ্চিত করুন।

### একটি রশিদ চান এবং সেটি সংরক্ষণ করুন।

- নিউ ইয়র্ক সিটিতে, \$20 বা তা বেশি দামের জিনিস কেনার জন্য আপনি স্বয়ংক্রিয়ভাবে এবং \$5 থেকে \$20 এর মধ্যে ক্রয়গুলির জন্য অনুরোধের ভিত্তিতে একটি রশিদ পেতে পারেন।
- আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত রাখুন — আইন অনুযায়ী, একজন গ্রাহকের রশিদে কোনো অবস্থাতেই ক্রেডিট কার্ডের মেয়াদ শেষ হওয়ার তারিখ বা শেষ পাঁচটি সংখ্যার বেশি সংখ্যা দেখানো যাবে না।

চলমান >

## স্টোরের পেমেন্ট এবং রিফান্ড নীতি চেক করুন।

- স্টোরগুলি নগদ অর্থ গ্রহণ করতে অস্বীকার করতে পারে না।
- যেসমস্ত গ্রাহক ক্রেডিট কার্ড বা অন্যান্য নগদবিহীন পদ্ধতিতে অর্থ প্রদান করে তাদের তুলনায় একই খুচরো পণ্যের জন্য যারা নগদ অর্থ প্রদান করে তাদের থেকে বেশি দাম নেওয়া স্টোরগুলির জন্য অবৈধ।
- স্টোরগুলিকে অবশ্যই তাদের রিফান্ড নীতি সম্পর্কিত একটি সাইন পোস্ট করতে হবে। তারা সেটি না করলে, আপনি আপনার কেনার 30 দিনের মধ্যে একটি রিফান্ড পেতে পারেন।

## অনলাইনের কেনাকাটার করার সময় নিজেকে সুরক্ষিত রাখুন।

- আপনি আবার স্কুলে যাওয়া শুরু করার জন্য কেনাকাটা অনলাইনে করার পরিকল্পনা করলে, শুধুমাত্র নিরাপদ ওয়েবসাইটগুলিতে কেনাকাটা করা নিশ্চিত করুন।
- পরিচিত ওয়েবসাইটগুলি ব্যবহার করুন বা নতুন ওয়েবসাইটগুলি সম্পর্কে খোঁজখবর নিন এবং দেখে নিন যে লিঙ্কগুলি https দিয়ে শুরু হয় (শুধুমাত্র http; দিয়ে নয়, নিরাপদ বোঝানোর জন্য “s” ব্যবহার করা হয়) বা একটি প্যাডলক আইকন থাকে।
- অনিরাপদ Wi-Fi ব্যবহার করার সময় আপনার ব্যক্তিগত তথ্য টাইপ করা এড়িয়ে চলুন।
- অযাচিত ইমেল বা সোশ্যাল মিডিয়া সাইটগুলির লিঙ্কগুলিতে ক্লিক করবেন না — ওয়েব অ্যাড্রেসটি সরাসরি আপনার ব্রাউজারে টাইপ করুন।
- অনলাইনে কীভাবে সুরক্ষিত, নিরাপদ, এবং দায়িত্বশীল থাকবেন সে সম্পর্কে আরো তথ্যের জন্য [OnGuardOnline.gov](https://www.nyc.gov/OnGuardOnline) এ যান।

## আপনার বাচ্চাদের ক্রেডিট এবং কীভাবে সেটি কাজ করে সে সম্পর্কে শিক্ষা দিন।

- তাদেরকে বোঝান যে ক্রেডিট কার্ডগুলি “বিনামূল্যে দেওয়া অর্থ” নয় এবং আপনি কার্ড দিয়ে যা প্রদান করছেন তা অবশ্যই সুদ সমেত পরিশোধ করতে হবে।
- ন্যূনতম ব্যালেন্স বনাম সম্পূর্ণ ব্যালেন্স পরিশোধ করা এবং দায়িত্বশীলভাবে ক্রেডিট কার্ড ব্যবহারের পরিণতি সম্পর্কে তাদের শিক্ষা দিন।

## বিনামূল্যের আর্থিক কাউন্সেলিং লাভ করুন।

- সিটির ফিন্যান্সিয়াল এমপাওয়ারমেন্ট সেন্টারগুলির থেকে একজন পেশাদার আর্থিক পরামর্শকের সাথে একটি অ্যাপয়েন্টমেন্ট স্থির করতে [nyc.gov/TalkMoney](https://nyc.gov/TalkMoney) এ যান।
- এগুলির জন্য আপনার পরামর্শকের পরামর্শ নিন:
  - আপনার বাজেট বা আয়ের হঠাৎ কোনো পরিবর্তন পরিচালনা এবং একটি খরচের পরিকল্পনা করা;
  - সরাসরি ডিপোজিটগুলি সেট আপ করতে একটি ব্যাঙ্ক অ্যাকাউন্ট খোলা;
  - পাওনাদারদের সাথে যোগাযোগ করা;
  - এবং আরও কিছু।

আয় বা অভিবাসন স্থিতি নির্বিশেষে, আর্থিক পরামর্শ বিনামূল্যের এবং গোপনীয়, এবং বিবিধ ভাষায় পাওয়া যায়।

## একটি শিক্ষার্থী ঋণের ক্ষেত্রে আপনার অধিকার এবং দায়িত্বগুলি জানুন।

- আপনি আপনার জন্য বা আপনার সন্তানের জন্য একটি শিক্ষার্থী ঋণ নেওয়ার কথা ভাবলে বা আপনার আগে থেকেই একটি শিক্ষার্থী ঋণ থাকলে [nyc.gov/StudentLoans](https://nyc.gov/StudentLoans) এ DCWP এর পরামর্শ এবং সংস্থানগুলি অবশ্যই পড়ে নিন।

**NYC**

Eric L. Adams  
Mayor

**Consumer and  
Worker Protection**

Vilda Vera Mayuga  
Commissioner

